

২০২২

চতুর্থ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-8

(প্রাগাধুনিক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) গৌরঙ্গ-বিষয়ক পদ বলতে কী বোঝো? গৌরঙ্গ-বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকা এক নয়।— প্রসঙ্গটি তোমাদের পাঠ্যপদগুলি
অবলম্বনে আলোচনা করো। ২+৮

অথবা,

- (খ) একালের কাব্যপাঠকের কাছে বৈষ্ণব পদাবলী তার ধর্মতত্ত্বের জন্য নয়, কাব্যগুণেই বেশি আকর্ষণীয়।— এ বিষয়ে তোমার
অভিমত দাও। ১০

- ২। (ক) মুরারী শীল চরিত্রটি নির্মাণে কবি মুকুন্দের দক্ষতা সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) 'কালকেতুর ভোজন' এবং 'চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ নিবেদন' শীর্ষক অংশ অবলম্বনে হাস্যরস সৃষ্টিতে কবি মুকুন্দের
কৃতিত্ব বিচার করো। ১০

- ৩। (ক) তোমাদের পাঠ্য কবি কমলাকান্ত ভট্টাচার্যের যে-কোনো দুটি পদ অবলম্বনে শাক্ত কবি হিসাবে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ১০

অথবা,

- (খ) "শাক্ত কবি মাত্রই ভক্ত।"— এই মন্তব্যটির যথার্থতা বিচার করো। ১০

- ৪। (ক) "কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান/অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন।।"— কোন রসপর্যায়ের অন্তর্গত? পদকর্তা
কে? পদ্যাংশটির মর্মার্থ কী? ১+১+৩

অথবা,

- (খ) "সুন্দরি কেছে করবি অভিসার।
হরি রহ মানস-সুরধুনী পার।।"
— পদকর্তা কে? কোন রসপর্যায়ের অন্তর্গত? উদ্ধৃতাংশের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

Please Turn Over

৫। (ক)

“তৈল বিনা কৈলু স্নান করিলু উদক পান
শিশু কঁাদে ওদনের তরে।”

— কোন কাব্যংশ থেকে উক্তিটি গৃহীত হয়েছে? এই উক্তির মধ্যে এক অসহায় পিতার যে যত্নগার ছবি উঠে এসেছে, তার পরিচয় দাও। ১+৪

অথবা,

(খ)

“আমার নগরে বৈস যত ইচ্ছা চাষ চষ
তিন সন নাহি দিও কর।।”

— কার উক্তি? উক্তিটির মধ্যে যে নিরাপত্তার আশ্বাস প্রতিফলিত হয়েছে, উক্তিটির অর্থ বিশ্লেষণ করে তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

৬। (ক)

“গিরি এবার আমার উমা এলে, আর উমা পাঠাব না।
বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনবো না।।”

— পদকর্তা কে? বক্তার এমন বলার কারণ ব্যাখ্যা করো। ১+৪

অথবা,

(খ)

“মা আমায় ঘুরাবে কত,/কলুর চোখ-ঢাকা বলদের মত?” — উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ১+৪

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) বৈষ্ণব পদাবলীর ‘মাথুর’

(খ) ভাঁড়ু দত্ত চরিত্র

(গ) মেনকা চরিত্র।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বিদ্যাপতি কোন রাজসভার কবি ছিলেন?

(খ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে মূল পাঁচটি রস কী কী?

(গ) “বহুদিন পরে বঁধুয়া এলে” শীর্ষক পদটি কোন পর্যায়ের পদ?

(ঘ) “সখি কি পুছসি অনুভব মোয়” শীর্ষক পদটির কবির নাম লেখো।

(ঙ) “দরশ পরশ লাগি আউলাইছে গা” — ‘আউলাইছে’ শব্দটির অর্থ লেখো।

(চ) কবি মুকুন্দ কার শাসনকালে কাব্য লেখেন?

(ছ) কবিকঙ্কন মুকুন্দের কাব্যের আসল নাম কী?

(জ) কোন বারে কালকেতু দেবী চণ্ডীকে পূজা দিয়েছে?

(ঝ) চণ্ডীমঙ্গল কাব্যে যে কৃষকের কথা আছে তার নাম কী?

(ঞ) মুরারী শীল কালকেতুর আংটির দাম কত দিতে চেয়েছিল?

- (ট) 'গিরিবর, আর আমি পারিনে হে, প্রবোধ দিতে উমারে' — শীর্ষক পদটি শাক্ত পদাবলীর কোন পর্যায়ের অন্তর্ভুক্ত?
- (ঠ) 'ওহে প্রাণনাথ গিরিবর হে' — শীর্ষক পদটির কবির নাম লেখো।
- (ড) 'মা গো তারা ও শঙ্করি' শীর্ষক পদটিতে 'প্যাদার রাজা' হিসাবে কোন রাজার নাম উল্লেখ করা হয়েছে?
- (ঢ) "কেবল আসার আশা, ভবে আসা...." — পদটির পদকর্তা কে?
- (ণ) "আমায় দেও মা তবিলদারী।" — 'তবিলদারী' শব্দের অর্থ কী?
-